

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৬. ৩৬১ তারিখ: ১৮ আগস্ট, ২০২৬ খ্রি.

## ই-সেবায় শিক্ষক তথ্য হালনাগাদকরণ এর সময় বৃদ্ধি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এবং ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এ্যান্ড হসপিটালিটি শিক্ষাক্রমের ০৬ আগস্ট, ২০২৬ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য সংশ্লিষ্ট প্রবিধানভুক্ত শিক্ষার্থীদের ২য়, ৩য়, ৫ম ও ৭ম পর্ব নিয়মিত পাঠদানকারী শিক্ষকগণের তালিকা (জুনিয়র ইন্সট্রাক্টর, ইন্সট্রাক্টর/ওয়ার্কশপ সুপার, চীফ ইন্সট্রাক্টর এবং উপাধ্যক্ষ ও অধ্যক্ষসহ) বিটিইবি ওয়েবসাইটের **ই-সেবায় প্লাটফর্ম এর মাধ্যমে গত ২১-০৭-২০২৬ খ্রিঃ হতে ২৮-০৭-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে আবেদন করার জন্য** স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০২.২৬.৩৩২ তারিখ: ২০ জুলাই, ২০২৬ খ্রি. একটি **বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে অল্প সংখ্যক শিক্ষক ই-সেবায় আবেদন করেছেন। যে সকল শিক্ষকগণ আবেদন করতে পারেন নাই তাদেরকে আগামী ২০-০৮-২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে** স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক নতুন শিক্ষক এন্ট্রিকরণ/হালনাগাদ করার জন্য বলা হলো। উল্লেখ্য, পূর্বে ই-সেবায় এন্ট্রিকৃত তালিকায় সকল শিক্ষকদের তথ্য হালনাগাদ (যেমন: পদবী সংশোধন, চলমান পর্বের পাঠদানকারী বিষয়সমূহ এন্ট্রি ইত্যাদি)করে দিতে হবে। এই তালিকাকে ভিত্তি ধরে বোর্ডের বিভিন্ন কার্যক্রমের জন্য শিক্ষক নিয়োগ প্রদান করা হবে। উল্লেখ্য, ই-সেবায় তথ্য হালনাগাদ না করলে বোর্ডের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করা যাবে না

**ই-সেবায় শিক্ষকদের তথ্য প্রেরণের ধাপ-**

**ক) শিক্ষকের মৌলিক তথ্য এন্ট্রি/হালনাগাদ:**

www.bteb.gov.bd → **ই-সেবা → ই-সেবা প্রতিষ্ঠান প্যানেল → BTEB-INSTITUTE (Sign In) → Institute → Teacher Information** → নতুন তথ্য এন্ট্রি/আপডেট ।

**খ) প্রধান পরীক্ষক/নিরীক্ষক/ পরীক্ষক/ ব্যবহারিক পরীক্ষায় অনাভ্যন্তরীণ পরীক্ষক, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশনসহ বোর্ডের অন্যান্য কাজে মনোনয়নের জন্য তথ্য এন্ট্রিঃ**

www.bteb.gov.bd → **ই-সেবা → ই-সেবা প্রতিষ্ঠান প্যানেল → BTEB-INSTITUTE (Sign In) → Institute → Apply for BTEB Service → Apply Now → Apply Service Form** পূরণ → **Submit**

**ই-সেবা প্লাটফর্ম পাসওয়ার্ড সেট করার নির্দেশনা (যে সকল প্রতিষ্ঠান ই-সেবাই অন্তর্ভুক্ত নয় এমন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য)**

www.bteb.gov.bd → **ই-সেবা → প্রতিষ্ঠান → Registration** → প্রয়োজনীয় তথ্য পূরণ করুন → **Submit for OTP** → প্রাপ্ত OTP প্রবেশ করান → **Submit** → পাসওয়ার্ড সেট করে সংরক্ষণ করুন। (**প্রয়োজনে যোগাযোগ:** ০১৫৫০-৬২০৬০৪)

**ই-সেবায় তথ্য এন্ট্রির সময় নিম্নলিখিত বিষয়সমূহ খেয়াল রাখতে হবে।**

- শিক্ষক তথ্য এন্ট্রির সময় তাদের পদবী, চাকুরিতে প্রথম ও বর্তমান পদে যোগদানের তারিখ এবং শিক্ষাগত যোগ্যতা নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণের চাকুরির ধরন [রাজস্ব খাতভুক্ত, প্রকল্প, সমাপ্ত প্রকল্প, Ins(URP), w/s (URP), Jr.Ins(URP), ইত্যাদি] সঠিকভাবে নির্বাচন করতে হবে।
- প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের নিজ নিজ মূল টেকনোলজি অন্তর্ভূক্ত করতে হবে। (যদিও নিজ প্রতিষ্ঠানে না থাকে)।
- উত্তরপত্র মূল্যায়নের জন্য প্রত্যেক শিক্ষক তার টেকনোলজি এবং শ্রেণী পাঠদান **সংশ্লিষ্ট সর্বোচ্চ ৪ (চার)** টি বিষয় নির্বাচন করে ই-সেবায় এন্ট্রি করতে হবে।
- শিক্ষকগণ কোন কোন কাজে আগ্রহী (যেমন : অনাভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে দায়িত্ব পালন, উত্তরপত্র মূল্যায়ন, নিরীক্ষণ, প্রধান পরীক্ষণ, প্রশ্নপত্র প্রণয়ন ও মডারেশন ইত্যাদি) তা সঠিকভাবে ক্রমানুযায়ী উল্লেখ করতে হবে।

বি.দ্র.: ই-সেবায় শিক্ষকদের তথ্য এন্ট্রি বা হালনাগাদের পূর্বে প্রতিষ্ঠানপ্রধানগণ তথ্য যাচাই করে নিশ্চিত হবেন। তথ্যের কোনো ভুল বা ত্রুটির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধান দায়ী থাকবেন।

১৮-০৮-২০২৬
**(প্রকৌশলী মোঃ আবুল কালাম আজাদ)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোন: ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০১.২৬. ৩৬১(০৬) তারিখ: ১৮ আগষ্ট, ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/মনোপলিটেকনিক ইন্সটিটিউট/ বাংলাদেশ ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি।
৩. অধ্যক্ষ/পরিচালক,সকল বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট ।
৪. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা [নোটিশটি ওয়েবসাইটে -এ প্রকাশ এবং বর্ণিত তারিখ মোতাবেক অনলাইন কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]।
৫. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. নথি।

১৮-০৮-২০২৬
**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোন: ০২-৫৫০০৬৫৩১